

(প্রেস বিজ্ঞপ্তি)

০৫ জুলাই ২০২৪খ্রি.

চসিকের আলোকায়ন প্রকল্পের চুক্তি স্বাক্ষর আজ

ভারতীয় নমনীয় ঋণ চুক্তির অধীনে 'মডার্নাইজেশন অফ সিটি স্ট্রিট লাইট সিস্টেম এট ডিফ্রেন্ট এরিয়া আন্ডার চট্টগ্রাম সিটি কর্পোরেশন' প্রকল্পের চুক্তি স্বাক্ষর শনিবার বিকাল সাড়ে ৫টায় অনুষ্ঠিত হবে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মন্ত্রী মো. তাজুল ইসলাম এমপি এবং বিশেষ অতিথি থাকবেন স্থানীয় সরকার বিভাগের সচিব আবু হেনা মোরশেদ জামান। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ভারতীয় হাই কমিশনার প্রণয় ভার্মা। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে যোগদানের লক্ষে আজ শুক্রবার বিকালে চট্টগ্রাম শাহ আমানত বিমান বন্দরে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মোঃ তাজুল ইসলাম পৌঁছালে তাঁকে ফুলেল শুভেচ্ছা জানান চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮